

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৩১, ২০১৫

৩য় খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ অগ্রহায়ণ ১৪২২/০৩ ডিসেম্বর ২০১৫

নং ২৩.০০.০০০০.১৪০.১৯.০০৮.৯৬-৩২৪—পুনরাদেশ না দেয়া পর্যন্ত চীনের বেইজিংয়ে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জেসিও (করণিক) হিসেবে কর্মরত বিডি/৪৬২৩২৯ ওয়ারেন্ট অফিসার রফিকুল ইসলাম, সেক, এসি (জিডি)-কে প্রত্যাবর্তনের আদেশ জারি করা হলো এবং তাঁর স্থলে বিডি/৪৬৩৫৪৬ ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ নাজমুল হাসান, সেক এসি (জিডি)-কে নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হল:

- তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত এবং ব্যক্তিগত মালামাল পরিবহন ও আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;
- এ বদলি সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২০১৫-২০১৬ অর্থ বৎসরের “প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০, প্রতিরক্ষা অ্যাট্যাচী খাত” থেকে নির্বাহ করা হবে;
- আউটফিট ও বদলি মঞ্জুরি বাংলাদেশ বিমান বাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;
- বিদেশে চাকরিকালে বাংলাদেশ বিমান বাহিনীতে তাঁর চাকরিস্বত্ব বহাল থাকবে;
- কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং
- বিডি/৪৬৩৫৪৬ ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ নাজমুল হাসান, সেক এসি (জিডি) সপরিবারে (স্ত্রী ফারহানা এবং কন্যা নাদিমা নওশীণ নিহা) চীনের বেইজিং গমন করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শাহ্নাজ বর
যুগ্মসচিব।

প্রজ্ঞাপন

তারিখ, ০৬ পৌষ ১৪২২/২০ ডিসেম্বর ২০১৫

নং ২৩.০০.০০০০.১২০.১২.০০৩.১৫-৪৭৪—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী-কে প্রধান প্রকৌশলী পদে জাতীয় বেতন স্কেল, ২০০৯-এর টাকা ২৯,০০০-৩৫,৬০০/- (৩য় গ্রেড) বেতন স্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

(১) মোঃ মোবারক হোসেন, ব্যক্তিগত নম্বর ৮০০৫৭।

২। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ৬(ছয়) মাস শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনে শিক্ষানবিশকাল আরও ৩(তিন) মাস বৃদ্ধি করতে পারবেন। পদোন্নতিপ্রাপ্ত পদে চাকুরি স্থায়ীকরণের ক্ষেত্রে শিক্ষানবিশকালের চাকুরি সন্তোষজনক হতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মোহাম্মদ জোবায়েদ হোসেন
সিনিয়র সহকারী প্রধান।